

রাষ্ট্রপতির শোকবার্তা

=====

মরক্কোয় ভূমিকম্পে হতাহতের ঘটনায় রাষ্ট্রপতির শোক

=====

মরক্কোয় ভয়াবহ ভূমিকম্পে হতাহতের ঘটনায় রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন গভীর শোক প্রকাশ করেছেন।

আজ এক শোকবার্তায় রাষ্ট্রপতি ভূমিকম্পে নিহতদের আত্মার মাগফিরাত ও আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন এবং মরক্কোর সরকার ও জনগণ ধৈর্যের সাথে এ দুর্যোগ মোকাবিলা করতে সক্ষম হবে বলে আশা প্রকাশ করেন।